# পাঠকের জন্য বার্তা

আজকাল, লোকেরা সর্বদা ভ্রমণ করে থাকে এবং এমনকি সীমান্ত অতিক্রম করে এক দেশ থেকে অন্য দেশে চলাচল করে থাকে। জাপানেও, বিদেশী কর্মীরা বিভিন্ন ক্ষেত্রে কাজ করে থাকে এবং তাদের সংখ্যা প্রতি বছর বৃদ্ধি পাচ্ছে। নির্দিষ্ট দক্ষ শ্রমিকের জন্য রেসিডেন্স স্ট্যাটাসের প্রতিষ্ঠার ফলে, বিভিন্ন দেশের বিভিন্ন সাংস্কৃতিক পটভূমির লোকেদের জন্য একই কমিউনিটিতে বসবাস করা এবং একই কর্মক্ষেত্রে কাজ করা একটি সাধারণ বিষয় হয়ে উঠবে।

জাপানি ভাষার কোর্সবুক **IRODORI দৈনন্দিন জীবনের জন্য জাপানি ভাষা** হল, বিদেশীদের জন্য মৌলিক জাপানি ভাষায় যোগাযোগের দক্ষতা অর্জনের জন্য একটি পাঠ্যপুস্তক, যা দৈনন্দিন জীবনে এবং জাপানে কাজ করার জন্য প্রয়োজনীয়। **Irodori** শব্দের মূল অর্থ **"রঙিন করা"**, হলেও এর আরেকটি অর্থ হল "কোনও বস্তুকে আরও সুন্দর বা আরও আকর্ষণীয় করে তোলার জন্য তার আকৃতি বা চেহারা পরিবর্তন করা।" এই শিরোনামটি এই আশা নিয়ে নির্বাচন করা হয়েছে যে, এই বইটি জাপানে আপনার দৈনন্দিন জীবনকে **"রঙিন"** করতে সাহায্য করবে এবং আপনার প্রতিবেশী ও সহকর্মীদের মতো আপনার চারপাশের লোকেদের সাথে কথা বলার ও মিথস্ক্রিয়া করার জন্য প্রয়োজনীয় ভাষা এবং যোগাযোগের দক্ষতা তৈরি করে, জাপানে আপনার দৈনন্দিন জীবনকে আরও পরিপূর্ণ করে তুলবে।

এই পাঠ্যপুস্তকের প্রধান বৈশিষ্ট্য হল:

- বিভিন্ন আলোচ্য বিষয় এবং পরিস্থিতিকে অন্তর্ভুক্ত করা বিষয়বস্তু কার্যকরভাবে ব্যবহারিক জাপানি ভাষায় যোগাযোগের দক্ষতা অর্জনে সহায়তা করে, যা কিনা জাপানে বাস্তব জীবনে ব্যবহারের সমূহ সম্ভাবনা রয়েছে।
- প্রতিটি পাঠের শেখার লক্ষ্যকে Can-do স্টেটমেন্ট হিসাবে উপস্থাপন করা হয়, যা কিনা পাঠটি অধ্যয়ন করার পরে, একজন শিক্ষার্থী কী করতে সক্ষম হবে সে বিষয় সম্পর্কে পরিষ্কার ধারণা প্রদান করে।
- বিষয় এবং ব্যাকরণের পয়েন্ট মোটামুটিভাবে পূর্বে প্রকাশিত জাপানি ভাষার কোর্সবুক [ মারুগোতো: জাপানি ভাষা এবং সংস্কৃতি] অনুসরণ করে, যা কিনা JF জাপানিজ ল্যাঙ্গুয়েজ স্ট্যান্ডার্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ।
- প্রাত্যহিক জীবন এবং জাপানে কাজ করার জন্য প্রয়োজনীয় প্রাথমিক লেভেলের (A2) জাপানি ভাষা শেখার জন্য উপযুক্ত এবং জাপান ফাউন্ডেশন টেস্ট ফর বেসিক জাপানিজ (JFT-Basic) এর জন্য প্রস্তুতি গ্রহণ করা ব্যক্তির জন্য উপকারী।
- বিশ্বের যে কোনো স্থানের লোকেরা সহজে এই পাঠ্যপুস্তকটি ব্যবহার করতে সক্ষম হওয়ার জন্য, এটিকে পেপার বুক হিসাবে প্রকাশ না করে, অনলাইনে উন্মুক্ত করা হয়েছে।

ভবিষ্যতে জাপানে আসার পরিকল্পনা করে থাকলে ও জাপানে আসার আগে আপনার কি করতে সক্ষম হওয়া উচিত, সে সম্পর্কে শিখতে চাইলে অথবা আপনি ইতিমধ্যে জাপানে বসবাস করে জাপানি ভাষার দক্ষতা যাচাই করতে চাইলে ও জাপানি ভাষা ব্যবহার করে করতে পারা বিষয়ের সংখ্যা বৃদ্ধি করতে চাইলে, পাঠ্যপুস্তকটি আপনার লক্ষ্য অর্জনে সহায়তা করবে বলে আমরা আন্তরিকভাবে আশা পোষণ করি।

নভেম্বর, 2020

জাপান ফাউন্ডেশন